গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর : ২৬৬

## জলাবদ্ধতা নিরসনের লক্ষ্যে আগাম ড্রেন পরিষ্কারকরণ কার্যক্রম পরিদর্শনে রাসিক প্রশাসক

রাজশাহী, ২২ বৈশাখ (০৫ মে) :

আগামী বর্ষা মৌসুমে রাজশাহী মহানগরীর জলাবদ্ধতা নিরসনে রাজশাহী সিটি কর্পোরেশনের (রাসিক) পরিচ্ছন্ন বিভাগ ১০ (দশ) দিনব্যাপী বিশেষ পরিচ্ছন্নতা কার্যক্রম শুরু করেছে। এ কার্যক্রমের অংশ হিসেবে নগরীর বিভিন্ন ড্রেন থেকে ময়লা-আবর্জনা ও কাদামাটি অপসারণ জোরদার করা হয়েছে। সোমবার (৪ মে) দিবাগত রাত সাড়ে ৯টা থেকে রাত ১১টা পর্যন্ত রাজশাহী ক্যান্টনমেন্টের শহিদ কর্নেল জাহিদ গেট সংলগ্ন তেরখাদিয়া এলাকায় উপস্থিত থেকে বড়ো এক্সাভেটর দ্বারা ড্রেন পরিষ্কারকরণ কার্যক্রম সরেজমিন পরিদর্শন ও তদারকি করেন রাসিক প্রশাসক মো. মাহফুজুর রহমান। এ সময় বর্ষা মৌসুমে নগরবাসীকে জলাবদ্ধতার ভোগান্তি থেকে মুক্ত রাখতে তিনি সংশ্লিষ্ট কর্মকর্তাদের দ্রুত ও কার্যকরভাবে কাজ সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন।

পরিদর্শনকালে রাসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. রেজাউল করিম, সচিব সোহেল রানা, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা শেখ মো. মামুন ডলারসহ পরিচ্ছন্ন বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, ১০ (দশ) দিনব্যাপী বিশেষ পরিচ্ছন্নতা কার্যক্রমের আওতায় বড়ো এক্সেভেটর দ্বারা নগরীর প্রাইমারি ড্রেন, ছোট এক্সেভেটর দ্বারা মাঝারি ড্রেন এবং শ্রমিক দ্বারা ছোট ছোট ড্রেন পরিষ্কারকরণ কার্যক্রম চলমান রয়েছে।

---------------------------------------------------

হালিম/তৌহিদ/আতিক/ ২০২৬/১৪.০০ঘ

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd